

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২৩৯
খোয়াই, ২১ ডিসেম্বর, ২০২৪

বেটি বাঁচাও, বেটি পড়াও কর্মসূচি
খোয়াইয়ে বালিকাদের মধ্যে ক্রীড়া সামগ্রী বিতরণ

বেটি বাঁচাও, বেটি পড়াও কর্মসূচিতে আজ খোয়াইয়ে বালিকাদের মধ্যে ক্রীড়া সামগ্রী বিতরণ করা হয়। এ উপলক্ষে খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণি বিদ্যালয় প্রাঙ্গণে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন খোয়াই জেলার জেলাশাসক চান্দনী চন্দ্রন। অনুষ্ঠানের উদ্বোধন করে জেলাশাসক বলেন, বর্তমান সময়ে মেয়েরা কোনও অংশে কম নয়। ক্রীড়াক্ষেত্রে মেয়েরাও আজ দেশ ও রাজ্যের নাম উজ্জ্বল করছে। পদ্মশ্রী দীপা কর্মকার তার উজ্জ্বল নির্দেশন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান টিংকু ভট্টাচার্য, জেলার বিশিষ্ট ক্রীড়াবিদ বিষ্ণুপদ চক্রবর্তী ও খোয়াই দ্বাদশ সরকারি শ্রেণি বিদ্যালয়ের শিক্ষক সিদ্ধু কুমার বড়ুয়া। স্বাগত বক্তব্য রাখেন জেলা ক্রীড়া আধিকারিক কমিশন্স শীল। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয় ও সিঙ্গিচড়ার শরৎচন্দ্র কোচিং সেন্টারের বালিকাদের মধ্যে বিভিন্ন ক্রীড়া সামগ্রী ও আর্থিক সহায়তার চেক তুলে দেওয়া হয়।
